

ভিক্ষাবৃত্তি ঘূর্ণা করি,
ভিক্ষুকমুক্ত সমাজ গড়ি।

স্মারক নং- ৪১.০১.০০০০.০৫৬.০২.০০৫.২৫. ২১৮

তারিখ: ১৫/০৬/২০২৬ খ্রি.

বিষয়: ‘ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান’ শীর্ষক কর্মসূচির আওতায় ২০২৫-২০২৬ অর্থ বছরের ৪ টি জেলায় ২য় ও ৩য় কিস্তির (অক্টোবর/২৫-মার্চ/২৬) বরাদ্দ প্রেরণ।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সমাজসেবা অধিদপ্তর কর্তৃক পরিচালিত ‘ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান’ শীর্ষক কর্মসূচির ২০২৫-২৬ অর্থবছরে ২য় ও ৩য় কিস্তির (অক্টোবর/২৫-মার্চ/২৬) বাবদ মাঠ পর্যায়ে ভিক্ষুক পুনর্বাসন, শ্রমিক মজুরী (দৈনিক মজুরী ভিত্তিক জনবল) ও অন্যান্য ব্যয় খাতে ৪ টি জেলায় নিম্নবর্ণিত হারে শর্তসাপেক্ষে অর্থ বরাদ্দ প্রদান করা হলো। বরাদ্দকৃত অর্থ মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর মহোদয় কর্তৃক স্বাক্ষরিত পত্রের মাধ্যমে সংশ্লিষ্ট ব্যাংক শাখায় প্রেরণ করা হয়েছে।

ক্রম	জেলার নাম	হিসাবের ধরণ	হিসাব নম্বর	ব্যাংক শাখার নাম	ভিক্ষুক পুনর্বাসনের জন্য বরাদ্দকৃত অর্থের পরিমাণ (টাকায়)	শ্রমিক মজুরী (দৈনিক মজুরীভিত্তিক জনবল) (টাকায়)	অন্যান্য ব্যয় খাতে বরাদ্দের পরিমাণ (টাকায়)	মোট বরাদ্দ (টাকায়)
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)
১.	গাজীপুর	চলতি	০২০৬৩০২০০১৬২১	সোনালী ব্যাংক পিএলসি কোর্ট বিল্ডিং শাখা, গাজীপুর	৮,৫২,০০০	৬১,৮৭,৫০০	৩,১২৪	৭০,৪২,৬২৪
২.	নারায়ণগঞ্জ	চলতি	৩৬১৩৭০২০০২৬২৫	সোনালী ব্যাংক পিএলসি, নারায়ণগঞ্জ কর্পোরেট শাখা	২,০০,০০০	৩২,৬২,৫০০	৩,১২৪	৩৪,৬৫,৬২৪
৩.	ঢাকা	চলতি	০২০০০১২২৪৪৭৯৪	অগ্রণী ব্যাংক পিএলসি নিউ স্কটন রোড শাখা, ঢাকা রাউটিং: ০১০২৭৫০২৫	৫,০০,০০০	২১,৬০,০০০	৩,১২৪	২৬,৬৩,১২৪
৪.	ময়মনসিংহ	চলতি	০০৬২০২১০০০৪০৭০	যমুনা ব্যাংক পিএলসি, ময়মনসিংহ শাখা। রাউটিং নং: ১৩০৬১১৭৫৬	১৪,২৪,২৬০	২৪,১৫,০০০	৩,১৮৮	৩৮,৪২,৪৪৮
মোট=					২৯,৭৬,২৬০	১,৪০,২৫,০০০	১২,৫৬০	১,৭০,১৩,৮২০

উল্লেখ্য, সংশ্লিষ্ট নীতিমালা অনুসরণপূর্বক প্রেরিত অর্থ যথাযথ খাতে সরকারী আর্থিক বিধি-বিধান অনুযায়ী ব্যয় করতে হবে। বরাদ্দকৃত অর্থ ব্যয়পূর্বক মাস্টাররোল ও ভাউচারসমূহের ফটোকপি জরুরী ভিত্তিতে নিম্ন স্বাক্ষরকারীর নিকট প্রেরণ করতে হবে যা সমন্বয়ের জন্য প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে প্রেরণযোগ্য। ব্যয় প্রক্রিয়ায় ব্যবহৃত রেজিস্টার ও ভাউচারসমূহ এবং মাস্টাররোলের মূলকপিসমূহ স্ব-স্ব অফিসে পরিদর্শন/পর্যবেক্ষণ/নিরীক্ষণ এর জন্য সংরক্ষণ করতে হবে। রেজিস্টার/মাস্টাররোলে পুনর্বাসিত ভিক্ষুকের মোবাইল নম্বর (নো থাকলে আত্মীয়/প্রতিবেশীর মোবাইল নম্বর) লিপিবদ্ধ করার জন্য অনুরোধ করা হলো। বরাদ্দ প্রাপ্তির বিষয়টি পত্রের মাধ্যমে নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

শর্তাবলী:

- ভিক্ষুক পুনর্বাসনের জন্য ছাড়কৃত অর্থ দ্রুত উপজেলা/ইউসিডি পর্যায়ে প্রেরণ নিশ্চিত করতে হবে;
- শ্রমিক মজুরী (দৈনিক মজুরীভিত্তিক জনবল) খাতের বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে হাজিরা নিশ্চিতসহ ‘দৈনিক ভিত্তিতে সাময়িক শ্রমিক নিয়োজিতকরণ নীতিমালা, ২০২৫’ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক ব্যয় করতে হবে;
- ভিক্ষুকদেরকে নগদ অর্থ প্রদান করা যাবে না;
- বরাদ্দকৃত অর্থ দ্বারা ভিক্ষুকদের আয়বর্ধন হয় এমন কার্যক্রম গ্রহণ করতে হবে, যাতে করে তাঁরা সমাজের মূলস্রোতধারায় ফিরে আসতে পারেন;
- উক্ত অর্থ ব্যয়ে সংশ্লিষ্ট নীতিমালাসহ সকল আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে;
- যথাযথ খাতভিত্তিক ব্যয় নিশ্চিত করতে হবে;
- উক্ত অর্থ ব্যয়ের ক্ষেত্রে নিয়মের কোন ব্যত্যয় হলে সংশ্লিষ্ট আয়ন-ব্যয়ন কর্মকর্তা দায়ী থাকবেন;
- ১ম, ২য় ও ৩য় কিস্তির বরাদ্দকৃত অর্থ মাঠ পর্যায়ে বিতরণের সামগ্রিক তথ্যাদি উল্লেখপূর্বক প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে;
- অব্যয়িত অর্থ বিধি মোতাবেক রাষ্ট্রীয় কোষাগারে সমর্পণ করতে হবে।


১৫/০৬/২০২৬
মোঃ শাহ জাহান
কর্মসূচি পরিচালক

‘ভিক্ষাবৃত্তিতে নিয়োজিত জনগোষ্ঠীর পুনর্বাসন ও বিকল্প কর্মসংস্থান’ কর্মসূচি
ফোন: +৮৮ ০২৪৪৮২৬৮১১
ইমেইল: pabr.pd@gmail.com

উপপরিচালক

জেলা সমাজসেবা কার্যালয়,

গাজীপুর/নারায়ণগঞ্জ/ঢাকা/ময়মনসিংহ।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়:

- মহাপরিচালক, সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- অতিরিক্ত সচিব (বাজেট, কার্যক্রম সূচনামূলক), সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক (প্রশাসন ও অর্থ/সামাজিক নিরাপত্তা/প্রতিষ্ঠান/কার্যক্রম) সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- উপসচিব, সামাজিক নিরাপত্তা-৩ শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- জেলা প্রশাসক, গাজীপুর/নারায়ণগঞ্জ/ঢাকা/ময়মনসিংহ।

৬. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৭. পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা/ময়মনসিংহ।
৮. সিনিয়র সহকারী সচিব, সামাজিক নিরাপত্তা-৩ শাখা, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য অনুরোধসহ)
১০. সচিবের একান্ত সচিব, সমাজকল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য অনুরোধসহ)
১১. উপপরিচালক (গবেষণা, মূল্যায়ন, প্রকাশনা ও জনসংযোগ শাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা। (ওয়েবসাইটে প্রকাশেরে অনুরোধসহ)
১২. অফিস কপি।